

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৮৪

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ কোন ব্যক্তি দুনিয়ায় বিপদগ্রস্থ হলে তার প্রতি ধৈর্য ধারণ করার নির্দেশ প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ الْأَمْرِ بِالصَّبْرِ لِمَنْ أُصِيبَ بِمُصِيبَةٍ فِي الدنيا

আরবী

2884 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا الْحَسَنُ بْنُ حَمَّادٍ سَجَّادَةُ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ عُيَيْنَةَ عَنْ شُعْبَةَ عَنْ ثَابِتٍ عَنْ أَنَسٍ! أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ قَالَ: (يَا هَذِهِ اصْبِرِي) فَقَالَتْ: إِنَّكَ لَا تَدْرِي مَا مُصَابِي وَسَلَّمَ مرَّ بِامْرَأَةٍ عِنْدَ قبرٍ تَبْكِي فَقَالَ: (يَا هَذِهِ اصْبِرِي) فَقَالَتْ: إِنَّكَ لَا تَدْرِي مَا مُصَابِي فَقِيلَ لَهَا بَعْدَ ذَلِكَ: هَذَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَتَتْهُ فقالت: لم أعرفك. الراوي: أنس بْن مَالِكٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2884 اخلاصة حكم المحدث: صحيح ـ ((الجنائز)) (22)، ق أتم منه.

বাংলা

২৮৮৪. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার কবরের পাশে ক্রন্দনরত এক মহিলার পাশ দিয়ে অতিক্রম করেন। তিনি তাকে বলেন, "ওহে মহিলা, ধৈর্যধারণ করো।" তখন সেই মহিলা বললো, "আপনি জানেন না, আমার কী বিপদ!" তারপর সেই মহিলাকে বলা হলো, "ইনি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম।" অতঃপর সেই মহিলা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলেন, "আমি আপনাকে চিনতে পারি নাই!"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১৪৩; সহীহুল বুখারী: ১২৫২; সহীহ মুসলিম: ৯২৬; আবূ দাউদ: ৩১২৪; নাসাঈ: ১০৬৮; সুনান বাইহাকী: ৩/৬৫; বাগাবী: ১৫৩৯; তিরমিযী: ৯৮৮।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আল জানাইয: ২২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন